অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে নির্মল জ্বালানি কর্মসংস্থানের সংখ্যা রেকর্ড সংখ্যায় পৌঁছেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

2022 সালের নির্মল জ্বালানি শিল্পের রিপোর্ট থেকে দেখা যায় যে সবুজ কর্মসংস্থানসমূহ নিউ ইয়র্কের কোভিড-19 থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারের প্রচেষ্টা এগিয়ে নিতে সাহায্য করছে

সবুজ অর্থনীতিকে সহায়তা করা এবং স্টেটের অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক নির্মল জ্বালানি মেধা পাইপলাইন নির্মাণ অব্যাহত রেখেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে নির্মল জ্বালানি কর্মসংস্থানের অধিকারী ব্যক্তির সংখ্যা 2021 সালের শেষ নাগাদ 165,000 কর্মীর একটি রেকর্ড সংখ্যায় পৌঁছেছে, যা 2020 সালে হারিয়ে যাওয়া নির্মল জ্বালানি কর্মসংস্থানগুলো পুনরায় ফিরিয়ে আনার মাধ্যমে কোভিড-19 থেকে নিউ ইয়র্কের পুনরুদ্ধার প্রচেষ্টা এগিয়ে নিতে সাহায্য করছে এবং কোভিড-19 পূর্ববর্তী সময়ের নির্মল জ্বালানি কর্মসংস্থানের সংখ্যাকে অতিক্রম করে বাড়তি 1,300টি কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। আজকের ঘোষণা জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের আবশ্যিকতা অনুযায়ী সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি ন্যায্য ও সমতাপূর্ণ উত্তরণ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে।

"এবছরের নির্মল জ্বালানি শিল্পের রিপোর্ট সেটাই দেখিয়েছে যা আমি নিউ ইয়র্কবাসীদের সম্পর্কে সবসময় সত্যি বলে জেনে এসেছি - যে আমরা শক্তিশালী, এবং আমরা বৈরি পরিস্থিতি মোকাবেলা করে সামনে এগিয়ে যাওয়া অব্যাহত রাখি," **বলেছেন গভর্নর হোকল।** "যদিও কোভিড-19 গত কয়েক বছরে সমগ্র অর্থনীতিকে দারুণভাবে ক্ষতিগ্রস্ত করেছে, নির্মল জ্বালানি শিল্প কীভাবে আমাদের পুনরুদ্ধার প্রচেষ্টায় নেতৃত্ব দিয়ে আসছে তা আমরা প্রত্যক্ষ করেছি। আগের চেয়ে বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী এখন পরিবার চালানোর উপযোগী নির্মল জ্বালানি কর্মসংস্থানে নিয়োজিত রয়েছেন এবং নিউ ইয়র্ককে এমন একটি কর্মীদল গড়ে তুলতে সক্রিয়ভাবে সাহায্য করছেন যেটি ভবিষ্যতের চাহিদাগুলো পূরণ করতে সক্ষম হবে।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) কর্তৃক আজ প্রকাশিত হওয়া 2022 সালের নিউ ইয়র্কের নির্মল জ্বালানি শিল্পের

রিপোর্ট 2021 সালের শেষ পর্যন্ত স্টেটের নির্মল জ্বালানি খাতের কর্মসংস্থান বৃদ্ধির ডাটা প্রদান করছে। এই রিপোর্টে দেখা যায় যে এই খাতটি নিউ ইয়র্কের প্রায় অন্য সব শিল্পের তুলনায় অপেক্ষাকৃত দ্রুততর সময়ে কোভিড-19 এর প্রভাব কাটিয়ে উঠতে পেরেছে এবং 2015 সালের পর থেকে স্টেটের নির্মল জ্বালানি কর্মসংস্থানের সংখ্যা আনুমানিক 17 শতাংশ বা 24,000 এরও বেশি বৃদ্ধি হয়েছে।

এবছরের রিপোর্ট থেকে পাওয়া গুরুত্বপূর্ণ বিষয়গুলোর মধ্যে রয়েছে:

- **2021 সালের শেষ নাগাদ 165,055 নিউ ইয়র্কবাসী নির্মল জ্বালানি কর্মসংস্থানে নিয়োজিত ছিলেন,**যেটি 2020 সালের 157,686টি কর্মসংস্থান থেকে বেশি।
- **2020 সাল থেকে 2021 সাল পর্যন্ত নিউ ইয়র্কের সবুজ কর্মসংস্থান 4.7 শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে** - 12 মাসে 7,000 কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে
    - এই খাত নিউ ইয়র্কের অন্যান্য খাত, যেমন শিক্ষা ও খুচরা বিক্রয় শিল্পের তুলনায় অপেক্ষাকৃত দ্রুততর পুনরুদ্ধার সম্পন্ন করতে পেরেছে, যেখানে এসব খাতে 2020 ও 2021 সালের মধ্যবর্তী সময়ে কর্মসংস্থান বৃদ্ধির পরিমাণ ছিল 1.7-3 শতাংশ।
    - **সব প্রযুক্তি খাতে কর্মসংস্থানের সংখ্যা মহামারীর আগের সময়ের স্তরে ফিরে এসেছে অথবা সেটিকে অতিক্রম করেছে।** নবায়নযোগ্য বিদ্যুৎ শক্তি উৎপাদন, বিকল্প পরিবহন, নবায়নযোগ্য জ্বালানি, এবং গ্রিড আধুনিকায়ন ও জ্বালানি সংরক্ষণ খাতের মধ্যে সবগুলো খাত 2021 সালের শেষ নাগাদ সেগুলোর মহামারীর আগের সময়ের কর্মসংস্থানের স্তরে পৌঁছেছে অথবা সেটিকে ছাড়িয়ে গেছে।
    - **বিকল্প পরিবহন প্রযুক্তি খাত 2020 ও 2021 সালের মধ্যবর্তী সময়ে নজিরবিহীন প্রবৃদ্ধি দেখতে পেয়েছে।** মাত্র 12 মাস সময়ের মধ্যে বিকল্প পরিবহন খাতের কর্মসংস্থানের সংখ্যা প্রায় 26 শতাংশ বৃদ্ধি পেয়েছে বা 2,318টি কর্মসংস্থান যোগ হয়েছে।
    - **নবায়নযোগ্য বিদ্যুৎ শক্তি উৎপাদন প্রযুক্তি খাতে সবচেয়ে বেশি কর্মসংস্থান বৃদ্ধির জন্য দায়ী হচ্ছে সৌরবিদ্যুৎ।**
        - যদিও 2019 সাল থেকে 2020 সাল পর্যন্ত নিউ ইয়র্কজুড়ে সোলার ফার্মগুলো 400 এরও বেশি কর্মী হারিয়েছে, 2020 সাল থেকে 2021 সাল পর্যন্ত সময়ের মধ্যে সেগুলো 1,000 এরও বেশি কর্মী বৃদ্ধি করেছে।
        - **যেসব শিল্পখাতে সবচেয়ে বেশি কর্মসংস্থান বৃদ্ধি পেতে দেখা গেছে সেগুলো হলো শ্রমিক ও নাগরিক সংগঠনসমূহ, সফটওয়্যার পাবলিশার, টেকসই পণ্যের পাইকারি বিক্রেতা, এবং মেশিনারি, ইক্যুইপমেন্ট, ও সাপ্লাই এর পাইকারি বিক্রেতা।**

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "একটি শক্তিশালী নির্মল জ্বালানি কর্মীদল প্রতিষ্ঠা করা আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণের জন্য সবগুলো শিল্পখাতে আমাদেরকে যে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ এগিয়ে নিতে হবে সেটির মতো সমান গুরুত্ব রাখে। নিশ্চিতভাবেই, আমরা একটিকে বাদ দিয়ে অন্যটি অর্জন করতে পারবো

না, এবং এবছরের রিপোর্ট থেকে দেখা যায় যে আমরা সবুজ কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় উপাদানগুলো প্রতিষ্ঠা করা অব্যাহত রেখেছি যাতে পুরো স্টেটজুড়ে নিউ ইয়র্কের পরিবারগুলো জীবাশ্ম জ্বালানি থেকে নির্মল জ্বালানির দিকে আমাদের উত্তরণে অংশগ্রহণ করতে পারে এবং এটি থেকে উপকৃত হতে পারে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেট একটি সবুজ অর্থনীতি গড়ে তুলছে এবং আরো টেকসই একটি ভবিষ্যত নির্মাণের এটির অবকাঠামোগুলো শক্তিশালী করে তুলছে। আমাদের নির্মল জ্বালানি শিল্পের বিনিয়োগ এবং কর্মীদল উন্নয়নের প্রতি অব্যাহত মনোযোগ কীভাবে আগামী দিনের কর্মসংস্থান তৈরি করছে, এবং সেগুলো পূরণ করার জন্য মেধাবীদের প্রশিক্ষণ প্রদান করছে তা এই রিপোর্ট থেকে দেখা যায়।"

নিউ ইয়র্কে সবুজ কর্মসংস্থান আরো এগিয়ে নেওয়ার জন্য, NYSERDA একটি নির্মল জ্বালানি কর্মীদল পাইপলাইন তৈরিতে সহায়তা করা এবং নতুন ও বিদ্যমান কর্মীদের জন্য প্রশিক্ষণের সুযোগ প্রদান করার জন্য 120 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদানের অঙ্গীকার করেছে। এসব সুযোগ-সুবিধার মধ্যে ক্লিন হিটিং, জ্বালানি দক্ষতা, এবং অন্যান্য নির্মল প্রযুক্তি খাতগুলোতে একজন কর্মীর দক্ষতা সমৃদ্ধ করার জন্য এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের বিদ্যমান কর্মীদের দক্ষতা বৃদ্ধি, নিয়োগ সংক্রান্ত ব্যয় কমিয়ে আনা, এবং নতুন কর্মচারীদের নিয়োগ ও প্রশিক্ষণ প্রদানের কাজে সহায়তা করার জন্য নকশাকৃত কর্মসূচিগুলো অন্তর্ভুক্ত রয়েছে। আরো গুরুত্বপূর্ণ বিষয় হলো, এসব প্রচেষ্টা স্টেটের সবচেয়ে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী, যেমন নিম্ন-আয়ের লোকজন, ভেটেরান, অক্ষমতায় আক্রান্ত শ্রমিক, সিঙ্গেল প্যারেন্ট, এবং সাবেক কারারুদ্ধ ব্যক্তিদের জন্য প্রশিক্ষণ কর্মসূচিগুলোকে অগ্রাধিকার প্রদান করছে এবং কর্মসংস্থান থেকে ছিটকে পড়া কর্মীদেরকে এই নতুন সম্ভাবনাময় শিল্পে একীভূত হওয়ার ব্যাপারেও সাহায্য করবে।

এটির কর্মীদল উন্নয়নের জন্য তহবিল প্রদানের অঙ্গীকারাবদ্ধতার অংশ হিসেবে, NYSERDA ইতোমধ্যে শ্রম বিভাগ, কলেজ ও বিশ্ববিদ্যালয়, অলাভজনক সংস্থা, প্রস্তুতকারক, ট্রেড অ্যাসোসিয়েশন এবং অন্যান্য সংস্থার সঙ্গে গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব স্থাপনে সহায়তা করতে আনুমানিক 50 মিলিয়ন ডলার অনুদান প্রদান করেছে, যাতে অব্যাহত শিক্ষার কোর্স, সার্টিফিকেট প্রোগ্রাম, ডিগ্রি প্রোগ্রাম, ইন্টার্নশিপ, অ্যাপ্রেন্টিসশিপ এবং কর্মস্থলে প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদান করা নিশ্চিত করা যায়।

NYSERDA-এর আরো কিছু চলমান ও সফল কর্মীদল উন্নয়ন উদ্যোগের মধ্যে রয়েছে:

- জ্বালানি দক্ষতা ও নির্মল প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ (Energy Efficiency and Clean Technology Training): 12,400 এরও বেশি নিউ ইয়র্কবাসীকে জ্বালানি দক্ষতা ও নির্মল প্রযুক্তি খাতে (যেমন HVAC, ইনসুলেশন ও এয়ার সিলিং, স্মার্ট গ্রিড, ইত্যাদি) হাতে-কলমে প্রশিক্ষণ, এবং চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সহায়তা প্রদান করার জন্য NYSERDA 9.5 মিলিয়ন ডলার অনুদান প্রদান করেছে।

- কর্মস্থলে প্রশিক্ষণ (On-the-Job Training): 147টি ব্যবসা প্রতিষ্ঠানকে বেতনভাতা প্রদান ও কর্মস্থলে প্রশিক্ষণ প্রদানের কাজে সহায়তা করার জন্য 7.1 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করা হয়েছে, যেসব ব্যবসা প্রতিষ্ঠান 1,150 জনেরও বেশি নতুন কর্মী নিয়োগ দিয়েছে, যাদের 33 শতাংশ হচ্ছে অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠী থেকে।
- নির্মল জ্বালানি খাতের ইন্টার্নশিপ কর্মসূচি (Clean Energy Internship Program): NYSERDA 1,500 জনেরও বেশি শিক্ষার্থী এবং সম্প্রতি গ্র্যাজুয়েশন সম্পন্ন করা ইন্টার্নকে স্টেটজুড়ে নির্মল জ্বালানি খাতের 262টি ব্যবসা প্রতিষ্ঠানে চাকরির ব্যবস্থা করে দিয়েছে।
- ভবনের কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কর্মীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (Building Operations and Maintenance Worker Training Program): NYSERDA বর্তমানে বিল্ডিং স্টাফদের প্রশিক্ষণ কর্মসূচিতে সহায়তা করছে, যেসব কর্মী স্টেটজুড়ে 3,000 এরও বেশি ভবনের কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করছেন। এই কর্মসূচি ভবনের কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত 6,000 এরও বেশি কর্মীকে প্রশিক্ষণ প্রদান এবং তাদের দক্ষতা উন্নয়নের জন্য 10 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করছে।
- উপকূলীয় বায়ুশক্তি খাতের কর্মীদের প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন (Offshore Wind Workforce Training and Skills Development): NYSERDA এমন প্রশিক্ষণ উদ্যোগগুলোর জন্য 9 মিলিয়ন ডলার প্রদান করছে যেগুলো কর্মীদের প্রযুক্তিগত দক্ষতা উন্নত করবে এবং কর্মীদেরকে নিউ ইয়র্কের ক্রমবর্ধমান উপকূলীয় বায়ুশক্তি শিল্পের কর্মসংস্থানের জন্য প্রস্তুত করে তুলবে।
- নির্মল জ্বালানি বিষয়ক প্রশিক্ষণ পরিষেবা (Clean Energy Training Services): প্রশিক্ষণ প্রদান, পাঠ্যক্রম এবং/অথবা প্রশিক্ষণ সরঞ্জাম উন্নয়ন, এবং বাজার দক্ষতা এবং/অথবা নির্মল জ্বালানি খাতের কর্মীদের উন্নয়ন ও প্রশিক্ষণের সাথে সম্পর্কিত অন্যান্য পরিষেবা প্রদানের জন্য যোগ্যতাসম্পন্ন কন্ট্রাক্টরদের একটি পুল প্রতিষ্ঠা করার জন্য নিবেদিত।
- রোডট্রিপ নেশন (Roadtrip Nation): স্টেট জুড়ে সবুজ চাকরি এবং নির্মল জ্বালানি খাতে ক্যারিয়ারের পথ সম্পর্কে বিপুল সম্ভাবনা তুলে ধরার জন্য নির্মল জ্বালানি ক্যারিয়ার সংক্রান্ত একটি বিস্তৃত সচেতনতা উদ্যোগ কার্যকর করতে NYSERDA রোডট্রিপ নেশনের সাথে অংশীদারিত্ব গড়ে তুলছে।

জলবায়ু আইন বাস্তবায়নের সঙ্গে প্রত্যাশিত নির্মল জ্বালানি খাতের কর্মী চাহিদা পূরণের জন্য নিউ ইয়র্কের কাজ করে যাওয়ার এই সময়ে এসব প্রচেষ্টা অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) ন্যায্য উত্তরণ ওয়ার্কিং গ্রুপ (Just Transition Working Group)-এর ইস্যু করা 2021 সালের কর্মসংস্থান অধ্যয়নেরফলাফল থেকে দেখা যায় যে 21টি ক্রমবর্ধমান উপ-খাতে 2019 সাল থেকে 2030 সাল পর্যন্ত সময়ের মধ্যে মোট কর্মসংস্থানের পরিমাণ 60 শতাংশেরও বেশি বৃদ্ধি পাবে, যা নিউ ইয়র্ক স্টেটে কমপক্ষে 211,000 নতুন কর্মসংস্থান যোগ করবে।

স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন, "নিউ ইয়র্ক স্টেট একটি জলবায়ু অর্থনীতির দিকে ন্যায্য উত্তরণের মাধ্যমে চালিত পুনরুদ্ধারের পথে রয়েছে। গত অধিবেশনের বাজেটে, পরিবেশগত বন্ড আইন যাতে উন্নত মজুরি নিশ্চিত করে এবং আমরা যাতে জলবায়ু কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচিগুলোতে বিনিয়োগ করি সে বিষয়টি নিশ্চিত করতে আমি কঠোর লড়াই করেছি। এসব লড়াইয়ের ফলাফল দেখতে পাওয়া অত্যন্ত সন্তোষজনক একটি ব্যাপার। আমি আশা করি এই উৎসাহব্যঞ্জক নির্মল জ্বালানি শিল্পের কর্মসংস্থান সংক্রান্ত রিপোর্ট আমাদের পরবর্তী বাজেটের দিকে এগিয়ে যাওয়ার এই সময়ে আমার সহকর্মীদেরকে অনুপ্রাণিত করবে, এবং আমরা সবুজ, ইউনিয়ন কর্মসংস্থানগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রাখতে পারবো যেগুলো পরিবারগুলো টিকিয়ে রাখছে এবং একটি শক্তিশালী ভবিষ্যত গড়ে তুলছে," বলেছেন জ্যাসিকা রামোস, শ্রম বিষয়ক সিনেট কমিটির সভাপতি।

অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন, "নির্মল জ্বালানি খাতের কর্মসংস্থান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং নিউ ইয়র্কের অন্যান্য শিল্পকে পিছনে ফেলে সামনে এগিয়ে যাচ্ছে। আমাদের স্টেটের জলবায়ু আইনের লক্ষ্যসমূহ পূরণের জন্য চাহিদা মেটাতে যা প্রয়োজন তার জন্য NYSERDA-এর সাম্প্রতিক ফলাফলগুলো আশাব্যঞ্জক সংবাদ।"

অ্যাসেম্বলি সদস্য লাটোয়া জয়নার বলেন, "ভাল বেতনের সবুজ জ্বালানি খাতের কর্মসংস্থান বৃদ্ধি নিউ ইয়র্কবাসীদের জন্য আমাদের স্টেটের অর্থনৈতিক ভবিষ্যতের অংশ হওয়ার সুযোগ প্রশস্ত করছে। আমাদের পরিবেশগত স্থায়িত্ব বৃদ্ধি করার মাধ্যমে এসব কর্মসংস্থান নিউ ইয়র্ককে নির্গমন কমিয়ে আনা এবং পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে কোনো কমিউনিটি যাতে পিছিয়ে না থাকে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে নেতৃত্বের অবস্থানে রাখতেও অবদান রাখছে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব কাউন্টিস (New York State Association of Counties)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্টিফেন অ্যাকুয়ারিও বলেন, "স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে, নির্মল জ্বালানি খাতের কর্মসংস্থানগুলো অর্থনৈতিক পুনরুদ্ধার ও পুনরুজ্জীবীতকরণের শক্তি যোগান দিতে সাহায্য করছে। কাউন্টিগুলো নির্মল জ্বালানির দিকে উত্তরণের সম্মুখভাগে রয়েছে এবং ভবিষ্যতের সবুজ কর্মসংস্থানের জন্য দক্ষতা ও প্রশিক্ষণের সঙ্গে কর্মীদের সংযোগ স্থাপন করার ব্যাপারে এটির অঙ্গীকারাবদ্ধতার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করি। জলবায়ু আইন দ্বারা প্রতিষ্ঠিত লক্ষ্যগুলো অর্জনের দিকে আমাদের এগিয়ে যাওয়ার এই সময়ে, আমাদের অবশ্যই স্থানীয় অর্থনীতিকে উন্নত করা, নির্মল জ্বালানি খাতের একটি শক্তিশালী কর্মীদল গড়ে তোলা এবং এই উত্তরণের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য কৌশলগত বিনিয়োগ চালিয়ে যেতে হবে। একটি সবুজতর ভবিষ্যতের দিকে সাবলীল উত্তরণ নিশ্চিত করতে সাহায্য করবে এমন শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগসমূহ সম্প্রসারণের জন্য আমরা গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদার হয়ে কাজ করার প্রত্যাশা রাখি।"

ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (Workforce Development Institute) এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যামি ডেসজার্ডিনস বলেন, "আমাদের স্টেটের নির্মল জ্বালানি খাতের কর্মীদল বৃদ্ধির ক্ষেত্রে NYSERDA-এর নেতৃত্বকে WDI সাধুবাদ জানায়। NYSERDA এই

বছরের নির্মল জ্বালানি শিল্পের রিপোর্টের মতো সূক্ষ্ম, ব্যবহারিক গবেষণার মাধ্যমে এই বৃদ্ধিতে সহায়তা করে চলেছে৷ একইসাথে সমানভাবে গুরুত্ব দিয়ে, এটি নির্মাণকাজ, ইউটিলিটি, বিদ্যুৎ উৎপাদন, বিল্ডিং পারফর্ম্যান্স ও পরিবহনের মতো গুরুত্বপূর্ণ খাতের প্রশিক্ষণ ও শিক্ষার চাহিদা পূরণের জন্য স্টেটের প্রয়োজনীয় সংস্থানসমূহের অ্যাক্সেস সহজতর করেছে। এক দশকেরও বেশি সময় ধরে, WDI-এর জ্বালানি ও জলবায়ু কর্মসূচি নির্মল জ্বালানি খাতের সদা পরিবর্তনশীল চাহিদা পূরণের জন্য মানসম্মত কর্মসংস্থান, সমতাপূর্ণ ক্যারিয়ার গঠনের পথ এবং চাহিদাসম্পন্ন দক্ষতাগুলো বৃদ্ধি করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এসব বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন